R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

এভারেষ্ট
এ্যাসবেসটস শীট
বৈশিষ্ট্যতায় ভরা, কয়েক দশক ধরে সকলের প্রিয়।
মহকুমার একমাত্র পরিবেশক—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৪শ বর্ষ
২১শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১৮ই আশ্বিন, বুধবার, ১৩৮৪ সাল।
৫ই অকটোবর, ১৯৭৭ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## সম্মিলিত প্রতিরোধে জেলা সন্তরণ সংস্থা নাস্তানাবুদ পদত্যাগ, অঙ্গীকার ও দাবি পূরণের পর সাঁতার শুরু

বিশেষ প্রতিনিধি : জঙ্গিপুর থেকে বহরমপুর গোরাবাজার ঘাট পর্যন্ত বিশ্বের বৃহত্তম ৭৪·৪৮ কিলোমিটার সাঁতার প্রতিযোগিতার প্রাক্কালে মুর্শিদাবাদ সন্তরণ সংস্থার 'জঙ্গিপুর-বিদ্বেষী' মনোভাবকে কেন্দ্র করে ৩০ সেপ্টেম্বর ও ১ অক্টোবর যে ঘটনা ঘটে তা সাঁতার সংস্থার ৩৪ বছরের ইতিহাসে তথা জঙ্গিপুর-রঘুনাথগঞ্জ শহরের ইতিহাসে 'অভূতপূর্ব'। সংস্থার জঙ্গিপুর-বিদ্বেষী মনোভাবের দরুণ শহরের ১১টি ক্লাব ৩০ সেপ্টেম্বর থেকে সম্মিলিত প্রতিরোধ গড়ে তোলে। ওই দিন বিক্ষোভ মিছিল শহর পরিক্রমা করে এবং সাঁতারের ব্যাপারে 'অসহযোগিতার মনোভাব' ব্যক্ত করা হয়। লাইফ বোট, রাঁধুনে থেকে শুরু করে সমস্ত রকম আবশ্যকীয় সুযোগ সুবিধা থেকে সাঁতার সংস্থাকে বঞ্চিত করা হয় এবং উদ্বোধনী-মঞ্চ নির্মাণে বাধা দেওয়া হয়। সংস্থার সহ-সভাপতি প্রভাতেন্দু বাগচীর একটি মন্তব্য এবং সেকেণ্ড অফিসার শান্তিগোপাল দত্তের 'জরুরী অবস্থার সমর্থনে' একটি মন্তব্যকে কেন্দ্র করে বিক্ষোভ আরো চরমে ওঠে। ১ অক্টোবর সম্মিলিত ক্লাবের সভা, জঙ্গিপুর সংবাদের 'সান্ধ্য টেলিগ্রাম' প্রকাশ প্রভৃতিতে সম্মিলিত প্রতিরোধ আরো জোরদার হয়। রাত ৮ টায় সংস্থার দু'জন প্রতিনিধির সঙ্গে বিক্ষোভকারীদের দীর্ঘ আলোচনা ব্যর্থ হওয়ার পর গভীর রাত্রে (রাত দুটোয়) তিন শতাধিক যুবকের এক বিক্ষোভ মিছিল 'সাঁতার বয়কটের আহ্বানে'

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## জঙ্গিপুরে বৈষম্যমূলক লোডশেডিং বিদ্যুৎ নিয়ে উচ্চপর্যায়ে অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, ৫ অক্টোবর—সাঁতারের ঘোর কাটতে না কাটতেই জঙ্গিপুর-বিদ্বেষী মনোভাবের আর একটি গুরুতর অভিযোগের খবর মিলেছে। এবারের অভিযোগ জেলা বিদ্যুৎ বিভাগের কর্মকর্ত্তাদের বিরুদ্ধে। অভিযোগকারী স্বয়ং জঙ্গিপুর মহকুমা শাসক মীরা সেনগুপ্ত, এস ডি জে এম জামসেদ আলি খানসহ শহরের বিশিষ্ট নাগরিকরা। মুখ্যমন্ত্রীর দরবারে অভিযোগের অনুলিপি পাঠিয়ে সুষ্ঠু ব্যবস্থা গ্রহণের আরজি জানানো হয়েছে।

অভিযোগে প্রকাশ, কিছুদিন থেকে বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হওয়ায় রাজ্যের সর্ব্বত্র লোডশেডিং-এর মত অস্বস্তিকর অবস্থা চলেছে। এ ব্যাপারে জঙ্গিপুরের অবস্থা সবচেয়ে দুঃসহ হয়ে উঠেছে। জঙ্গিপুরে বিদ্যুৎ সরবরাহের নির্দিষ্ট কোটা কেটে বহরমপুরকে উৎপাদিত বিদ্যুতের সিংহভাগ সরবরাহ করা হচ্ছে। দ্বিতীয় অভিযোগে বলা হয়েছে—রঘুনাথগঞ্জ সদরঘাটে ১০০ কোভ.শক্তি সম্পন্ন যে ট্রানস্‌ফরমারটি রয়েছে সেটি বিদ্যুৎ সরবরাহে অযোগ্য বিবেচিত

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## পূজোয় প্রাঃ শিক্ষকরা অগ্রিম টাকা পেলেন না

বিশেষ প্রতিনিধি : অনেক দিনের প্রদত্ত একটি রেওয়াজ এবার বোধ হয় প্রত্যাহার করে নিলেন পশ্চিমবঙ্গের শিক্ষা দফতর। শারদীয়া পূজোর প্রাক্কালে প্রতি বৎসরই এক মাসের বেতন আগাম লাগিয়ে অক্টোবর ও নভেম্বর মাসের বেতন দিয়ে দরিদ্র প্রাথমিক শিক্ষকদের কৃপা করা হতো। কিন্তু এবার বর্তমান সরকারের কৃপাদৃষ্টিতে শিক্ষকদের অবস্থা অতীব স্বচ্ছল হবার সংবাদে সেই রেওয়াজ প্রত্যাহৃত হয়েছে। ২৪ টাকা হারে এপ্রিল থেকে অক্টোবর পর্যান্ত সাত মাসের বাড়তি মাগ্‌গীভাতা এতদিনে দেবার সঙ্কল্প নিয়ে 'সুখে থাক' শুভেচ্ছা বাণী পাঠাবেন পূজোর প্রাক্কালে।

## পুনর্বহাল বিলম্বিত

জঙ্গিপুর, ৫ অক্টোবর—গিরিয়া জুনিয়র হাই স্কুলের বরখাস্ত শিক্ষক গিয়াসুদ্দিন আহমেদকে পুনর্বহালে বিলম্ব ঘটায় এলাকা উত্তেজিত হয়েছে। ১৯৭৩ সালে তাঁকে বরখাস্ত করা হয়—এ দাবি সি পি এম সমর্থকদের। কংগ্রেসীদের বক্তব্য, গিয়াসুদ্দিন আহমেদ স্বেচ্ছায় পদত্যাগ করেন। স্থানীয় অধিকাংশ জনসাধারণের পক্ষ থেকে তাঁকে পুনর্বহালের জন্য স্কুলে দু'বার ডেপুটেশন দেওয়া হয়। সরকারীভাবেও ছাঁটাই কর্মী পুনর্বহালের নির্দেশ আসে। কিন্তু প্রধান শিক্ষক বহু চেষ্টা করেও তাঁকে পুনর্বহালে ব্যর্থ

(শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## আবার হনুমানের কামড়

রঘুনাথগঞ্জ, ৫ অক্টোবর—শহরের গোডাউন কলোনীতে হনুমানের কামড়ে গত সপ্তাহে ৬ জন আহত হয়েছেন। এঁদের মধ্যে ২ জনের ক্ষত গুরুতর হওয়ায় হাসপাতালে ভর্তি করতে হয়েছে। বছরখানেক আগে হনুমানের কামড়ে অনেকে আহত হন। এবারও তাই ভীতি বেড়েছে।

## ধুলিয়ানে গঙ্গা ভাঙছে

ধুলিয়ান, ৫ অক্টোবর—এখানে আবার গঙ্গা ভাঙন দেখা দিয়েছে। খুব ব্যাপকভাবে না হলেও দিন কয়েক আগে লক্ষ্মীনগর এলাকার পাথর বাঁধান ২নং স্পারটি যেভাবে ভাঙতে শুরু করে তাতে ধুলিয়ানবাসীর মনে আবার আতংক সৃষ্টি হয়। বেশ কয়েকটি বাড়ী গঙ্গাগর্ভে বিলীন হয়ে যায়। পার্শ্ববর্তী কয়েকটি পরিবার গঙ্গার ধার থেকে সরে যেতে বাধ্য হয়।

## সত্য উদ্‌ঘাটিত হোক

নিজস্ব সংবাদদাতা : ২৬ সেপ্টেম্বর জঙ্গিপুর মহকুমা তথ্য ও জনসংযোগ দপ্তরের গাড়িটি জঙ্গিপুর মহকুমা শাসক রিকুইজিশন করেছিলেন। এক প্রশ্নের উত্তরে তথ্য ও জনসংযোগ আধিকারিক ধীরেন্দ্রনারায়ণ লস্কর গাড়ি রিকুইজিশনের কথা স্বীকার করেন; কিন্তু কেন রিকুইজিশন করা হয়েছিল তা তিনি জানেন না বলেন। বিভিন্ন সূত্র থেকে আমরা খবর পেয়েছি যে, ওই দিন (২৬ সেপ্টেম্বর) ওই গাড়িতে করে মহকুমা শাসক অফিসের একজন উচ্চপদস্থ আমলা নাকি সপরিবারে হাজারদুয়ারী দেখতে গিয়েছিলেন এবং বহরমপুরে পূজোর কেনাকাটা সেরে ফিরে এসেছিলেন। রঘুনাথগঞ্জ শহরে এ ব্যাপারে জোর কানাঘুষা চলছে। সকলে চাইছেন, তদন্ত সাপেক্ষে সত্য ঘটনা উদ্‌ঘাটিত হোক। ইতপূর্বে একজন আমলাকে সস্ত্রীক সরকারী গাড়ি নিয়ে মির্জাপুরে কাপড় কিনতে যেতে দেখা গেছে। এ ছাড়াও কয়েকজন পুলিশ অফিসারকে সরকারী গাড়িতে করে সস্ত্রীক পূজোমণ্ডপে এবং সাঁতার অনুষ্ঠানে দেখা গেছে—এরও তদন্ত প্রয়োজন।

সবার প্রিয় চা—
চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৮ই আশ্বিন বুধবার, সন ১৩৮৪ সাল।

## সন্তরণ প্রতিযোগিতা

ভাগীরথী বক্ষে মুর্শিদাবাদ জেলা সংরণ সংস্থার পরিচালনায় প্রতি বৎসরের ন্যায় এবারও গত রবিবার জঙ্গিপুর সদরঘাট হইতে বহরমপুরের গোরাবাজার ঘাট পর্যন্ত ৭৪ কি-মি দীর্ঘ সন্তরণ প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হইয়াছে।

কিন্তু এই বৎসর উক্ত সন্তরণ প্রতিযোগিতাকে কেন্দ্র করিয়া অশান্তির ঝড় বহিয়া গিয়াছে। প্রতিযোগিতাটি আরম্ভ হওয়ার পূর্ব-দিন পর্যন্ত নানা অপ্রীতিকর অবস্থার সৃষ্টি হইয়াছিল। এই সম্পর্কে ১লা অক্টোবর আমাদের পত্রিকার 'সান্ধ্য টেলিগ্রাম'—বিশেষ সংখ্যায় প্রকাশিত বিভিন্ন লেখকের লেখা হইতে জানা যায় যে, জেলা সন্তরণ সংস্থা ও মহকুমার প্রশাসন পক্ষের জঙ্গিপুর-রঘুনাথগঞ্জের যুব-সম্প্রদায় যাঁহারা অক্লান্ত পরিশ্রমে এই সন্তরণ প্রতিযোগিতার আরম্ভিক অনুষ্ঠানাদির বিভিন্ন গুরুদায়িত্ব পালন করেন—তাঁহাদের সম্পর্কে বিরুদ্ধ মনোভাবাপন্ন হইয়াছিলেন। এমন কি কিছু কিছু মন্তব্য যুবসমাজকে বিক্ষুব্ধ করিয়া তুলিয়াছিল। এই জন্যই অত্রতা যুবসমাজ দলমত নির্বিশেষে সন্তরণ প্রতিযোগিতা বর্জন করার আহ্বান জানান। অবস্থা চরমে পৌঁছে। প্রতিযোগিতা বন্ধ হইবার উপক্রম হয়। কোন পক্ষেরই কোন শাসানি কার্যকরী হইল না, তখন যুবসমাজ প্রতিরোধের যে দুর্ভেদ্য প্রাচীর গড়িয়া তোলেন, তাহার কাছে প্রতিক্রিয়াশীল ও দাম্ভিক শক্তিকে নতি স্বীকার করিতে হয়।.

সুখের কথা, সন্তরণ প্রতিযোগিতা বন্ধ রহিল না। এখানকার যুবসমাজ আবার সহযোগিতার হাত প্রসারিত করিলেন।

কিন্তু প্রকাশিত তথ্যাদি হইতে দেখা যায়, জঙ্গিপুরের যুবসমাজ জেলা সংস্থা কর্তৃক অবহেলিত, উপেক্ষিত হইয়াছেন এমন কি তাঁহাদের সম্পর্কে নাকি অবমাননাকর উক্তিও করা হইয়াছে। আমরা ইহার কারণ খুঁজিয়া পাই নাই। তবুও এই সন্তরণ প্রতিযোগিতা যে অনুষ্ঠিত হইল, তাহার জন্য এখানকার যুব-গোষ্ঠী প্রশংসা ও অভিনন্দন লাভের যোগ্য। পরিশেষে জেলা সন্তরণ সংস্থাকে অনুরোধ: তাঁহারা খেয়ালের বশে এত বড় প্রতিযোগিতার মূলে যেন কুঠারাঘাত না করেন বরং ইহাকে সমধিক সাফল্যমণ্ডিত করিবার জন্য কল্যাণকর কার্যপদ্ধতি গ্রহণ করেন।

## আবার ১৪৪ ধারা

রঘুনাথগঞ্জ, ২ অক্টোবর—স্থানীয় ম্যাকেনজি হল সংলগ্ন সরকারী 'খাস' জমি দখল রোধে গত শুক্রবার ১৪৪ ধারা জারি করা হয়েছে। এখানে ৪০/৫০টি পরিবার 'খাস' জমিতে বসতি গড়ে তুলছিলেন। ১৪৪ ধারা জারির প্রতিবাদে গতকাল এস ইউ সির একটি বিক্ষোভ মিছিল শহর পরিক্রমার পর জঙ্গিপুর মহকুমা শাসকের অফিসে স্মারকলিপি পেশ করে। সরকারী-ভাবে বলা হয়, এদের অধিকাংশই ভারতীয় নাগরিক নয়।

ইতিপূর্বে ফাঁসিতলা পল্লীতে 'খাস' জমিতে অগ্নিফৌজ ক্লাবের ঘর সংস্কারে বাধা দেওয়া হয় ১৪৪ ধারা জারি করে। এ প্রসঙ্গে মহকুমা শাসক মীরা সেনগুপ্ত জানান, "তৎপরতার সঙ্গে বিবেচনার জন্য সংশ্লিষ্ট ক্লাবের কাছ থেকে আইনসম্মত দরখাস্ত চাওয়া হয়েছিল। কিন্তু তাঁরা দরখাস্ত করেননি।"

## ঘুষের টাকা ফেরত?

নিজস্ব সংবাদদাতা: বিলম্বে প্রাপ্ত এক খবরে প্রকাশ, রঘুনাথগঞ্জ থানার এক-জন এ এস আইকে 'ঘুষ বাবদ গৃহীত' ৩০০ টাকা ফেরত দিতে হয়েছে। থানায় জমে থাকা কাজ তোলার জন্য বহরমপুর থেকে সম্প্রতি এই অফিসার-টিকে রঘুনাথগঞ্জ থানায় পাঠানো হয়। তিনি পুরনো ফাইল ঘাঁটতে ঘাঁটতে ব্রাহ্মণটুলির জনৈক রেশন ডিলারের বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা দেখতে পান। ২৫ সেপ্টেম্বর তিনি সেই পরোয়ানা নিয়ে রেশন ডিলারকে গ্রেপ্তার করতে যান। রেশন ডিলার তাঁকে জানান যে, তিনি প্রায় এক বছর আগে জঙ্গিপুর আদালতে আত্ম-সমর্পণ করে জামিন নিয়েছেন। জামিনের কাগজপত্র সম্ভবতঃ থানায় এসে পৌঁছয়নি। অফিসারটি রেশন ডিলারের কোন কথা শুনতে চান না দেখে রেশন ডিলার নাকি ৩০০ টাকা দিয়ে রেহাই পান।

## হামলার অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, ৪ অক্টোবর—গত বৃহস্পতিবার জঙ্গিপুর মহকুমা হাসপাতা-লের ষ্টোর কিপার কাশীনাথ দাসের ওপর হাসপাতালের দু' জন বামপন্থী সমর্থক কর্মচারী হামলা চালিয়েছেন বলে ষ্টেট গভর্ণমেন্ট এমপ্লয়িজ ফেডারেশনের মহকুমা শাখা অভিযোগ করেছেন। তাঁরা হামলাকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের দাবীতে পুলিশ, মহকুমা শাসক ও স্বাস্থ্য কর্তৃপক্ষের কাছেও অনুরূপ অভিযোগ পাঠিয়েছেন বলে জানা গেছে। প্রকাশিত এক ইস্তাহারে ফেডারেশন 'জঙ্গী আন্দোলনের' পূর্বাভাসও দিয়েছেন।

### পুরকর্মী ধর্মঘটের ডাক

রঘুনাথগঞ্জ, ৪ অক্টোবর—জঙ্গিপুর পুরসভার কর্মচারীরা পূজা অনুদান, ১০% এ্যাড হক বেতন ও আরো কয়েকটি দাবির ভিত্তিতে আগামী ৮ অক্টোবর হতে ধর্মঘটের নোটিশ দিয়েছেন। পুর কর্তৃপক্ষ ধর্মঘটের নোটিশের পরিপ্রেক্ষিতে ৭ অক্টোবর কমিশনারদের এক জরুরী সভার আয়োজন করেছেন বলে জানা গেছে।

**ব্যাঙ্ক কর্মচারী ধর্মঘট:** সারা ভারত ব্যাঙ্ক কর্মচারী সমিতির ডাকে ৬ দফা দাবিদাওয়ার ভিত্তিতে গত ২৭ সেপ্টেম্বর রঘুনাথগঞ্জ শাখার ব্যাঙ্কগুলিতে ধর্মঘট পালিত হয়।

### গ্রামসেবকের গ্রামসেবা

ধুলিয়ান, ৪ অক্টোবর—কিছু কিছু সরকারী কর্মচারীর নিজ দায়িত্ব পালনে অবহেলা দেখা দেওয়ায় সামসেরগঞ্জ ব্লকের কাজকর্মে অবনতি ঘটেছে। সম্প্রতি দীনেশ মাঝিত নামে ব্লকের একজন গ্রামসেবকের বিরুদ্ধে কাজে অবহেলার লিখিত অভিযোগ একাধিক গ্রামসভা থেকে বি ডি ও অফিসে দেওয়া হয়েছে বলে জানা গিয়েছে। অভিযোগে প্রকাশ, গত ৮/৯ মাস তিনি যে সব গ্রামের ভারপ্রাপ্ত গ্রাম-সেবক বলে পরিচিত, সেই সব গ্রামের বেশীর ভাগ চাষী বা সাধারণের সঙ্গে তাঁর কোন যোগসূত্র নেই, তাঁকে কেউ চেনেন না এবং কোন কাজে তাঁকে পাওয়া যায় না। অভিযোগ পেয়ে এক মাস আগে বিডিও চঞ্চল ব্যানারজি তদন্ত করেছেন। কিন্তু অভিযোক্তারা এখনও ফলাফল জানতে পারেননি বলে খবর।

## বিদেশী বন্দুক উদ্ধার

রঘুনাথগঞ্জ, ৪ অক্টোবর—গোপন সূত্রের খবরের ভিত্তিতে এই থানার দু' জন পুলিশ অফিসার এবং একজন গোয়েন্দা পুলিশ ইনসপেক্টর গতকাল রাত সাড়ে আটটা নাগাদ রঘুনাথগঞ্জ শ্মশানে হানা দিয়ে দুর্গা মণ্ডপের পোড়ো বাড়ী থেকে ইংলণ্ডের তৈরী একটি একনলা বন্দুক, ৩টি কারতুজ এবং একটি কুড়াল উদ্ধার ও আটক করেন। কারতুজগুলির মধ্যে একটি গ্রেট বৃটেনের তৈরী, দুটি দেশী। জানা যায় পুলিশ অফিসাররা যখন ওই বাড়িতে পৌঁছান, তখন ৩ জন লোক বসে মদ খাচ্ছিল। পুলিশ দেখে তারা অস্ত্রশস্ত্র ফেলে চম্পট দেয়।

### একালের মনসামঙ্গল

সাগরদীঘি, ৫ অক্টোবর—মনিগ্রাম থেকে পাওয়া এক খবরে প্রকাশ, সম্প্রতি ওই গ্রামে অনুষ্ঠিত সপ্তাহব্যাপী মনসামঙ্গল গানের আসরে ছয় দিনের মাথায় বিষ্ণুপুর গ্রামের ঝাবা হাজরা নামে ২০ বছর বয়সের এক তরুণীর মাথায় ভর নামে। পরদিন একসঙ্গে ১৫ জনের মাথায় অনুরূপ ভর নামে। আরো কয়েকজন অল্প বয়সী ছেলে-মেয়ের মাথায় ভর নামলে তাদেরকে বাড়ি নিয়ে যাওয়া হয়। সুস্থ হওয়ার পর এদের জিজ্ঞেস করে জানা যায়, আলতা সিঁদুর দেওয়ার পর মনসাদেবী দেখা দেন; বড় বড় সাপ তাদের ভয় দেখায় এবং পাঁচমাথার ঠাকুর পদ্মাদেবী দেখা দেন ইত্যাদি ইত্যাদি।

### উড়ো খৈ গোবিন্দায় নমঃ

সাগরদীঘি, ৫ অক্টোবর—বন্যাত্রাণে এই ব্লক থেকে এ মাসে ১০০ কুইন্টাল খড় বিলি করা হয়। খবর পাওয়া যায়, তার বেশীর ভাগই প্রাপকরা চড়া দামে বাজারে বিক্রী করে দেন। আরো জানা যায়, ত্রাণের সারও একইভাবে বাজারে বিক্রী হয়েছে।

### ঘোষণা

আমার ৩য় পুত্র কামেমুল সেখ বয়স আঃ ১৮ বৎসর বিশেষ অবাধ্য। বাড়ী-ঘরে থাকে না। অসৎ সঙ্গে বে-আইনী পথে চলা ফেরা করিতেছে। আমার কোন উপদেশই মানিয়া চলে না। প্রবঞ্চকতায় অভ্যস্ত। তার প্রবঞ্চকতা হইতে জনগণকে সতর্ক রহিতে অনুরোধ করি। তার বে-আইনী যে কোন অপকর্মের জন্য আমি দায়ী বা সম্পর্ক জড়িত নহি।

সোহরাব সেখ
গ্রাম ফুলবাড়ী সাঁকো
থানা সাগরদীঘি, মুর্শিদাবাদ

## শ্বশুর-জামাই সংঘর্ষ

ফরাক্কা: প্রতিশ্রুতিমত শ্বশুর মেয়েকে একটি স্বর্ণালঙ্কার দিতে অসমর্থ হওয়ায় গত ২৭ সেপটেমবর রাতে এখানকার ব্রাহ্মণগ্রাম গ্রামে জামাই এবং তার সমর্থকদের সশস্ত্র আক্রমণে শ্বশুর, খুড়শ্বশুর এবং শ্যালকসহ আরো একজন জখম হয়ে হাসপাতালে। পাতটাঙ্গির আঘাতে একজনের অবস্থা গুরুতর।

**আত্মহত্যা:** সাগরদীঘি থেকে আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, ২৬ সেপটেমবর মনিগ্রামের লক্ষ্মী মণ্ডল (২০) করবী ফল খেয়ে আত্মহত্যা করে। জানা যায়, শ্বশুরবাড়ি থেকে লক্ষ্মীকে নিয়ে যাওয়ার জন্য লোক আসে। লক্ষ্মীর বাবা লক্ষ্মীকে শ্বশুরবাড়ি যেতে বলেন। কিন্তু তার শ্বশুরবাড়ি যাবার ইচ্ছা ছিল না বলেই সে নাকি আত্মহত্যা করে।

### ঈশ্বরচন্দ্রের জন্মদিন

জঙ্গিপুর মহকুমা তথ্য ও জনসংযোগ দপ্তরের উদ্যোগে গত ২৯ সেপটেমবর দেশবন্ধু যতীনদাস মহকুমা গ্রন্থাগারে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্ম-জয়ন্তী পালিত হয়। অধ্যাপক নুরুল ইসলাম মোল্লা, অজিত মুখারজি প্রমুখের জ্ঞানগর্ভ বক্তৃতা সকলের দৃষ্টি আকর্ষন করে। অনুষ্ঠানে পৌরোহিত্য করেন ডঃ সচ্চিদানন্দ ধর।

## রবি মরশুমের বীজ

সাগরদীঘি, ৫ অকটোবর—গত বছর এই ব্লকের গ্রাম অঞ্চলে খরার ফলে রবিশস্য মোটেই হয়নি। তাই চাষীর ঘরে রবি ফসলের বীজ নাই। আশ্বিন মাসের মধ্যে সরষে ও আলুর বীজ এবং কার্ত্তিক মাসে মসুর, গম ও খেসারী বীজ দরকার। এলাকার চাষীরা এ ব্যাপারে কৃষি বিভাগের দৃষ্টি আকর্ষণ করছেন।

### অশিক্ষক কর্মীরা অনুতপ্ত

অরঙ্গাবাদ, ৫ অকটোবর—বি কম পারট টু অনারস্ পরীক্ষার দিন কোনরকম সহযোগিতা না করার জন্য ডি এন কলেজ অধ্যক্ষকে যে পরিস্থিতির মধ্যে পড়তে হয়েছিল, কলেজের অশিক্ষক কর্মচারীরা তার জন্য লিখিতভাবে 'অনুতাপ প্রকাশ' করেছেন এবং ভবিষ্যতে পূর্ণ সহযোগিতার প্রতিশ্রুতি দিয়েছেন বলে জানা গেছে।

এখন দুর্গাপুর সিমেন্ট
২১.৭৫ পঃ মূল্যে
পাওয়া যাচ্ছে

মাঙ্গিলাল মুন্দ্রা (ষ্টকিষ্ট)
জঙ্গিপুর ফোন— ২১
সৌজন্যে: মুন্দ্রা বস্ত্রালয়
জঙ্গিপুর ফোন—৩৯

ক্যালকাটা সাইকেল ষ্টোর
(জগন্নাথের সাইকেলের দোকান)
ফুলতলা রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

## NOTICE

### THE MURSHIDABAD DISTRICT CENTRAL CO-OPERATIVE BANK LIMITED

requires preferably readymade building or building which can be constructed with one/two months for its proposed under noted offices. Owners of plots of vacant lands who are capable of undertaking new construction on their own expenditure may also apply. The location of the site should be on or near the main road of the locality.

| Name of the Centre | Area Required |
|---|---|
| i) Dhulian P. O. Dhulian, Dist. Murshidabad. | 800-1000 Square Feet. |
| ii) Gramshalika (Burwan) P. O. Gramshalika, Dist. Murshidabad. | 800-1000 Square Feet. |

Please apply within 7 (seven) days from the date of publication of the advertisement to the Manager, The Murshidabad District Central Co-operative Bank Limited, Berhampore, Murshidabad, West Bengal. No brokerage or agencies commission will be paid.

Govt. of West Bengal
Office of the District Magistrate, Murshidabad.
M. V. Department

## NOTICE

As required under section 47 of the motor vehicles Act. 1939 it is notified for the information of all concerned that applications from the owners of the vehicles noted below have been received for grant of extension of the bus route on different routes of this region.

Representation/objections, if any in connection with grant of extension of the routes will be received by the office of the undersigned up to 7-10-77 for consideration by the Regional Transport Authority in its meeting to be notified later.

| Sl. No. | Name of the owner | Bus No. | Name of the route where the bus applies at present | Particulars of extension applied for |
|---|---|---|---|---|
| 1. | Sri Pradip Kumar Mukherjee | WGQ 1235 | Panutia to Jalangi Via Berhampore & Domkal | Extension up to Gopalpurghat |
| 2. | Sri Bhupendra Dey | WGQ 1193 | do | do |
| 3. | Sri Amiya Krishna Dey | WGQ 890 | Berhampore to Sankoghat Kandi | Sankoghat to Jaypur |
| 4. | Sri Chayan Kumar Mukherjee & others | WGQ 1271 | Beldanga to Molladanga via Berhampore, Raninagar & Saikhpara | Beldanga to Amtala |
| 5. | Sri Sankar Ch. Paul & others | WGQ 1259 | Lalbagh to Sagarpara | Lalbagh to Berhampore |
| 6. | Sri Md. Nurul Alam | WGQ 982 | Kandi to Raghunathganj | Kandi to Salar |

Sd/- S. K. Dutta
Regional Transport Officer, Murshidabad.

[ Issued by the District Information & Public Relations Officer, Murshidabad ]

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি
বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী
পোঃ ধুলিয়ান (মুর্শিদাবাদ)
সেলস্ অফিস: গৌহাটি ও তেজপুর
ফোন: ধুলিয়ান—২১

Phone :- Farakka 24
ডাঃ এস, এ, তালেব
ডি এম এস
পোঃ ফরাক্কা ব্যারেজ, মুর্শিদাবাদ।
হোমিওপ্যাথি মতে যাবতীয় পুরাতন রোগের চিকিৎসা করা হয়

## অঙ্গীকার ও দাবি পূরণের পর সাঁতার শুরু

( ১ম পৃষ্ঠার পর)

শহর পরিক্রমা করে। রাত তিনটে নাগাদ বিক্ষোভকারীদের সমস্ত দাবি মেনে নেওয়া হলে এবং সংস্থার সহ-সভাপতি প্রভাতেন্দু বাগচী 'জঙ্গিপুরের মানুষ সম্পর্কে অশালীন মন্তব্য, করার জন্য ক্ষমা প্রার্থনা করলে সম্মিলিত ক্লাবের বিক্ষোভকারীরা প্রতিরোধ-আন্দোলন প্রত্যাহার করে নেন। প্রভাতেন্দুবাবু সংস্থার সঙ্গে সম্পর্ক-ছেদের জন্য পদত্যাগ করেন। দাবি মেনে নেওয়ার ফলে জঙ্গিপুর থেকে আরো ৩ জন সাঁতারুকে প্রতিযোগিতায় অংশ গ্রহণের সুযোগ দেওয়া হয়। এঁরা হলেন: নইমুর সেখ, তাপস হালদার ও রণজিৎ হালদার। গোড়ায় জঙ্গিপুর থেকে কেবলমাত্র শিবশঙ্কর ভকতকে নেওয়া হয়েছিল। ওই দিন রাতে একটি অঙ্গীকারপত্রও স্বাক্ষরিত হয়। অঙ্গীকারপত্রে বলা হয় (১) আগামী বৎসর থেকে জঙ্গিপুরের অনুমোদিত ক্লাবগুলি থেকে অন্ততঃ ৫০% সভ্য ও স্বেচ্ছাসেবক নেওয়া হবে (২) 'মুর্শিদাবাদ সন্তরণ সংস্থা'র কর্মকর্তা সমিতিতে সন্তরণ বিষয়ে অভিজ্ঞ ও অন্যান্য প্রতিষ্ঠিত ক্রীড়ামোদীদের নেওয়া হবে (৩) প্রতিযোগিতার এক মাস আগে পূর্ববর্তী বছরের খরচের হিসাব সাধারণ মানুষের কাছে ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা করা হবে এবং (৪) জঙ্গিপুরের সাঁতারুদের অংশ গ্রহণের ব্যাপারে ক্লাবের সংখ্যার অনুপাতে প্রতিযোগী সংখ্যার নির্দিষ্ট কোটা ঘোষণা করা হবে এবং এই প্রসঙ্গে জঙ্গিপুরের ক্রীড়ামোদীদের ২০% প্রতিযোগী গ্রহণের দাবি সহানুভূতির সঙ্গে বিবেচিত হবে।

শেষ মুহূর্তে প্রতিরোধ আন্দোলন প্রত্যাহৃত হওয়ায় ২ অক্টোবর সকাল ৬.২০ মিনিটে অনাড়ম্বরভাবে ৩৪তম সাঁতার প্রতিযোগিতা শুরু হয়। উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন রাজ্য স্বাস্থ্যমন্ত্রী ননী ভট্টাচার্য। একজন মহিলাসহ ( সন্ধ্যা সাহা ) ২০ জন প্রতিযোগী এতে অংশ নেন। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেন যথাক্রমে সহদেব দাস, খগেন দত্ত ও সঞ্জীবন মণ্ডল। জঙ্গিপুরের দু'জন প্রতিযোগী সাঁতার সম্পূর্ণ করেন।

সেকেণ্ড অফিসার শান্তিগোপাল দত্ত তাঁর মন্তব্য সম্পর্কে ৩ অক্টোবর এক প্রশ্নের উত্তরে বলেন, তিনি 'জরুরী অবস্থা থাকলে অন্তর্ঘাতমূলক কাজ করতে কেউ সাহস পেতেন না' এই কথা বলেছিলেন, যখন তিনি শোনেন 'নৌকোর মাঝিদের মারধোরের হুমকি দেওয়া হচ্ছে'। অসহযোগ আন্দোলনের ফলে ১ অক্টোবর জঙ্গিপুর মহকুমা শাসক সাঁতার সম্পাদনের ব্যাপারে সহযোগিতার জন্য তাঁর অফিসের কর্মীদের অনুরোধ করেন।

### পুনর্বহাল বিলম্বিত

( ১ম পৃষ্ঠার পর )

হন। ঘটনাটি মহকুমা শাসক পর্যন্ত গড়ায়। ২২ সেপ্টেম্বর থেকে ২৮ সেপ্টেম্বর পর্যন্ত স্কুল বন্ধ রাখা হয়। এস আই প্রণব দত্তের চেষ্টায় ২৯ সেপ্টেম্বর স্কুল খোলে। শৃঙ্খলা বজায় রাখার জন্য ২৯ সেপ্টেম্বর থেকে ১ অক্টোবর পর্যন্ত পুলিশ মোতায়েন করা হয়। জানা যায়, তদন্তের জন্য মুর্শিদাবাদের এ আই জেনারেল আজ আসছেন।

### জঙ্গিপুরে লোডশেডিং

( ১ম পৃষ্ঠার পর )

হওয়া সত্ত্বেও পালটানো হয়নি। কর্তৃপক্ষকে বার বার অনুরোধ করা হয়েছে, কিন্তু কোন ব্যবস্থা অবলম্বিত হয়নি ফলে মহকুমার রঘুনাথগঞ্জ, জঙ্গিপুর, অরঙ্গাবাদ, সাগরদীঘি, ধুলিয়ান প্রভৃতি এলাকায় লোডশেডিং এর ব্যাপক অত্যাচারে অবস্থা ক্রমশঃ দুর্বিসহ হয়ে উঠেছে। সমস্যাসংকুল মহকুমার রেশমশিল্পে এক শোচনীয় অবস্থার সৃষ্টি হয়েছে। ব্যাপক ও দীর্ঘস্থায়ী এই বৈষম্যমূলক লোডশেডিং পড়াশুনার ক্ষতি করছে, ডিপটিউবওয়েল অচল করছে এবং বিঘ্ন ঘটাচ্ছে নিত্য-প্রয়োজনীয় কাজকর্মে।

### প্রকাশের পথে—

## শারদীয়া জঙ্গিপুর সংবাদ

উপন্যাস, প্রবন্ধ, গল্প এবং কবিতায় সমৃদ্ধ হয়ে মহালয়ার পূর্বেই প্রকাশিত হচ্ছে।

লেখক সূচীতে রয়েছেন: ডঃ প্রতাপচন্দ্র চন্দ্র, সৈয়দ মুস্তাফা সিরাজ, মানস রায় চৌধুরী, কমল বন্দ্যোপাধ্যায়, প্রফুল্লকুমার গুপ্ত, কবিরুল ইসলাম, সনৎ বন্দ্যোপাধ্যায় এবং…।

মূল্য—দু'টাকা

২রা অক্টোবর উদ্বোধন হয়েছে

গান্ধী স্মারক-নিধি

খাদি গ্রামোদ্যোগ ভাণ্ডার

রঘুনাথগঞ্জ বাজারপাড়া

গান্ধী জয়ন্তী ও পূজা উপলক্ষে


বিশেষ রিবেট ঃ

১) খাদি ৩০% ২) রৌল্ড সিল্ক ১০% ৩) স্পান সিল্ক ২০%

বিভিন্ন প্রকার খাদি বস্ত্র, ছাপা সিল্ক শাড়ী, গরদ শাড়ী, গরদ থান, তসর, মটকা, কেঠে, বাপতা ইত্যাদি।

আপনারা আজই যোগাযোগ করুন।

প্রত্যহ সকাল ৮টা হইতে রাত্রি ৮টা পর্য্যন্ত খোলা থাকিবে। ২-১০-৭৭ হইতে ১৯-১০-৭৭ ও ৭, ৮, ৯ ও ১১ নভেম্বর '৭৭ পর্য্যন্ত উক্ত রিবেট দেওয়া হইবে।




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।